ডাইরী নং ৪২০৫ (৬) প্রঃ প্রঃ
তারিখ ৫/৪/১৮

প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

ACE, MSW/P&M/Mech/Khulna/Barisal Zone/TSW

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা
www.rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৩.১৭.- ৯৬০ তারিখঃ ০৪-০৪-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : <u>ফেরী পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন সংশ্লেষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কার্যক্রম গ্রহণ।</u>

সূত্র : (১) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের স্মারক নম্বর : ৮১২(২) ই, তারিখঃ ১০-০৭-২০১৭ খ্রিস্টাব্দ
(২) এ বিভাগের স্মারক নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৩.১৭-৩৮৪, তারিখ : ১০-১২-২০১৭ খ্রিষ্টাব্দ
(৩) এ বিভাগের স্মারক নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৩.১৭-১১৫, তারিখ : ২১-০৩-২০১৮ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেরী পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১৭ প্রণয়নের লক্ষ্যে যুগ্মসচিব (নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ'কে আহ্বায়ক করে এ বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তাদের সমন্বয়ে সূত্রোক্ত ২ নম্বর স্মারকে একটি কমিটি গঠন করা হয়। উল্লিখিত নীতিমালা প্রণয়নের জন্য উক্ত কমিটি বিভিন্ন সময়ে একাধিক সভা করেন। পরবর্তিতে গত ১৫-০১-২০১৮ তারিখে ফেরী পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন সংশ্লেষে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত (কার্যবিবরণী সংযুক্ত) নিম্নরূপ :

<u>(ক)</u> ফেরী সার্ভিসিং ও অন্যান্য প্রয়োজনীয় জ্বালানি ইত্যাদির জন্য ইজারা মূল্যের ৪%-১০% পরিমাণ অর্থ ইজারাদার সংশ্লিষ্ট সড়ক ও জনপথ অধিদপ্তরাধীন সড়ক বিভাগের নির্ধারিত একাউন্টে জমা রাখবেন। বিষয়টি অফিস আদেশের মাধ্যমে জারি করা যেতে পারে; এবং

<u>(খ)</u> ফেরী পরিচালনার জন্য ফেরী পরিচালনা সংক্রান্ত কোন নীতিমালা প্রণয়ন করার প্রয়োজন নেই। কেননা সিভিল ও মেকানিক্যাল উইং এর কর্মবন্টন সংক্রান্ত সার্কুলার জারি করা হলে ফেরী পরিচালনা সংক্রান্ত সমস্যা থাকবে না।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : <u>বর্ণনামতে।</u>

নং............ তাং............
নির্বাহী প্রকৌশলী/সংস্থাপন/এস্টেট এবং ম অফিসার
ব্যবস্থা নিন/আলাপ করুন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৪০৪৫

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

<u>অনুলিপি :</u>

১। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এম এস ডব্লিউ স্মারক নং ২৪৫২
তারিখঃ ০৮/৪/১৮
ত:প্র:,সওজ, প্রশা: ও সং:/ত:প্র: এমআইএস
নি: আইন কর্মকর্তা/আরএইচডিটিসি/ এস্টেটস্ অফিসার.
পরি:নি: ও হি:/ সি: সি: এনালিষ্ট।

অ:প্র:প্র: এম এস ডব্লিউ

জরুরী/অতীব জরুরী
১ উঃবিঃপ্রঃ

প্রয়োজনীয় ব্যবস্থা নিন
খসড়া উপস্থাপন করুন
আলাপ করুন

স্মারক নং- ৪৭০(১৫)-২ তারিখঃ ১১/০৪/১৮

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে আদিষ্ট হয়ে সংলগ্নীসহ প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকা/টেকনিক্যাল সার্ভিসেস উইং, ঢাকা/ব্রীজ ম্যানেজমেন্ট উইং, ঢাকা/যান্ত্রিক উইং, ঢাকা/ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১১/৪/১৮

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা

**বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ফেরীসমূহ পরিচালনার লক্ষ্যে ফেরী পরিচালনা নীতিমালা, ২০১৭ এর খসড়া প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ হুমায়ুন কবীর খোন্দকার<br>যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| সভার তারিখ | ঃ | ১৫-০১-২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | ঃ | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | ঃ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাকক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-ক |

আলোচনা :

১.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভাপতি সভার শুরুতে ফেরী পরিচালনা নীতিমালা, ২০১৭ এর খসড়া প্রণয়ন সংশ্লেষে বক্তব্য রাখার জন্য সভায় উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। জনাব সুভাস চন্দ্র বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ফেরী বিভাগ, খুলনা বলেন যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিদ্যমান ফেরী ও পন্টুন সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ফেরী পরিচালনা নীতিমালা, ২০১৭ এর খসড়া প্রণয়ন সংশ্লেষে গত ১৭-১২-২০১৭ তারিখে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত মর্মে তিনি সভাকে অবহিত করেন:

(১) সামগ্রিক ব্যবস্থাপনার উন্নয়ন ও ফেরী সার্ভিস পরিচালনায় গতিশীলতা নিশ্চিত করতে ফেরী পরিচালনা সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীনেই রাখার বিষয়টি পরিপত্র জারির মাধ্যমে নিশ্চিত করা হবে;

(২) ওয়ার রোপ সরবরাহ, ব্যাটারী সরবরাহ, ব্যবহারের বাহিরে থাকা ফেরী/পল্টুন দেখাশুনা, নদী ড্রেজিং ইত্যাদি কাজ প্রশাসনিক আদেশে সওজ এর যান্ত্রিক উইং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা হবে;

(৩) ফেরী ইজারা প্রদান, পরিচালনা, গ্যাংওয়ে ও এপ্রোচ সড়ক ব্যবস্থাপনার কাজ এবং প্রয়োজনীয় বিদ্যমান জনবল সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীনে থাকবে;

(৪) ইজারা চুক্তির আওতায় নির্দিষ্ট সময় অন্তর যথাযথ মানে ফেরী সার্ভিসিং নিশ্চিতকল্পে ইজারা চুক্তিতে কোন অস্পষ্টতা থাকলে তা সুস্পষ্ট অনুচ্ছেদ আকারে অন্তর্ভূক্ত করা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ফেরী সার্কেলের তত্ত্বাধায়ক প্রকৌশলী ফেরী এবং অন্যান্য মেরামত কাজ যথাযথভাবে সম্পাদিত হচ্ছে কিনা তা যৌথভাবে নিয়মিত মনিটরিং করবেন; এবং

(৫) ফেরী সার্ভিসিং ইজারাদারের নিকট হতে যান্ত্রিক উইং দ্বারা সম্পাদন করা হলে কি পরিমাণ অর্থ ব্যয় হবে তার প্রস্তাবনা যান্ত্রিক উইং কর্তৃক প্রধান প্রকৌশলী বরাবর দাখিল করতে হবে। পরবর্তীতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অর্থ মন্ত্রণালয় এর সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং এরূপ কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সার্ভিসিং এর দায়িত্ব বিদ্যমান নিয়মানুযায়ী অব্যাহত থাকবে।

১.২ প্রধান প্রকৌশলীর দপ্তরে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং উপস্থিত সদস্যদের বক্তব্যের আলোকে ফেরী সার্ভিসিং ও অন্যান্য প্রয়োজনীয় জ্বালানি ইত্যাদির জন্য ইজারা মূল্যের ৪%-১০% পরিমাণ অর্থ ইজারাদার সংশ্লিষ্ট সড়ক ও জনপথ অধিদপ্তরাধীন সড়ক বিভাগের নির্ধারিত একাউন্টে জমা রাখার নিমিত্ত ইজারা চুক্তিতে সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সকল সদস্য অভিমত ব্যক্ত করেন। উপস্থিত সদস্যরা আরো বলেন যে, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সভাপতিত্বে গত ১৭-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ১ হতে ৫ (পরিশিষ্ট-১) এর আলোকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে এবং ফেরী পরিচালনার জন্য আলাদা নীতিমালার প্রয়োজনীয়তা আপাততঃ নেই। তাছাড়া সিভিল ও মেকানিক্যাল উইংয়ের কর্মবন্টন সংক্রান্ত সার্কুলার জারি করা হলে ফেরী/ফেরীঘাট পরিচালনায় কোন সমস্যা থাকবে না। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

চলমান পাতা-০২

২.০ আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) ফেরী সার্ভিসিং ও অন্যান্য প্রয়োজনীয় জ্বালানি ইত্যাদির জন্য ইজারা মূল্যের ৪%-১০% পরিমাণ অর্থ ইজারাদার সংশ্লিষ্ট সড়ক ও জনপথ অধিদপ্তরাধীন সড়ক বিভাগের নির্ধারিত একাউন্টে জমা রাখবেন। বিষয়টি অফিস আদেশের মাধ্যমে জারি করা যেতে পারে; এবং

(খ) ফেরী পরিচালনার জন্য ফেরী পরিচালনা সংক্রান্ত কোন নীতিমালা প্রণয়ন করার প্রয়োজন নেই। কেননা সিভিল ও মেকানিক্যাল উইং এর কর্মবন্টন সংক্রান্ত সার্কুলার জারি করা হলে ফেরী পরিচালনা সংক্রান্ত সমস্যা থাকবে না।

৩.০ আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
যুগ্মসচিব
ও
আহবায়ক
ফেরী পরিচালনা নীতিমালা, ২০১৭ এর খসড়া প্রণয়ন কমিটি

পরিশিষ্ট-১

Resolution

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্সঃ ০২-৮৮৭৯১৯৯ ফোনঃ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ৭৫৫৬-২ তারিখঃ ২০-১২-২০১৭.

**সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ফেরীঘাটসমূহে বিদ্যমান ফেরী ও পল্টুন সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ফেরী নীতিমালা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে ১৭-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্য্যবিবরণী।**

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ফেরীঘাটসমূহে বিদ্যমান ফেরী ও পল্টুন সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ফেরী নীতিমালা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে একটি সভা গত ১৭-১২-২০১৭ তারিখ প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবী**

১। জনাব মোঃ আবুল কাসেম ভূঁঞা
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

২। জনাব মোঃ রুহুল আমীন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
খুলনা জোন, খুলনা।

৩। জনাব মোঃ আশরাফুল আলম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
বরিশাল জোন, বরিশাল।

৪। জনাব মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৫। জনাব মোসলেহ্ উদ্দিন আহাম্মদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
কারখানা সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৬। জনাব মোঃ মনিরুজ্জামান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৭। জনাব মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
ফেরী সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৮। জনাব মোঃ রেজাউল করিম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
সেতু ডিজাইন সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৯। মোঃ খালেদ শাহেদ
নির্বাহী প্রকৌশলী, সওজ
পরিবেশ বিভাগ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

১০। জনাব সুভাষ চন্দ্র বিশ্বাস
নির্বাহী প্রকৌশলী, সওজ
ফেরী বিভাগ, খুলনা (অঃদাঃ-ফেরী রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা)।

১১। জনাব মোঃ আবুল কালাম আজাদ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
সড়ক বিভাগ, খুলনা।

চলমান পাতা/০২

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচনায় অংশগ্রহণ করতে অনুরোধ জানান। আলোচনার শুরুতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা সভাকে জানান যে, সওজ কর্তৃক গঠিত কমিটির দাখিলকৃত খসড়া ফেরী নীতিমালা বিষয়ে গত ১১-১২-২০১৭ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় খসড়া ফেরী নীতিমালা অত্র বিভাগের অন্যান্য নীতিমালার মত করে প্রণীত হয়নি; যা একটি পরামর্শপত্রের মত হয়েছে মর্মে মত প্রকাশ করা হয়। ফেরী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার হাতে থাকবে তা স্পষ্ট করাসহ বিদ্যমান অবস্থা ও যান্ত্রিক উইং এর জনবলসহ সার্বিক বিষয়াদি বিবেচনায় এনে বাস্তবভিত্তিক সিদ্ধান্ত গ্রহণকল্পে আলোচ্য সভায় আলোচনা করা যেতে পারে। অতঃপর ইতোমধ্যে প্রণীত খসড়া ফেরী নীতিমালায় সংশ্লিষ্ট বিষয়সমূহ অন্তর্ভূক্ত করতঃ খসড়া নীতিমালা সংশোধন করা যেতে পারে বলে তিনি মন দেন।

এ প্রসঙ্গে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা নিম্নোক্ত ৫টি বিষয়ে কার্যক্রম গ্রহণ আবশ্যক মর্মে সভাকে অবহিত করেন ঃ-

১। ইজারাদারদের মাধ্যমে ফেরীসমূহ যথাসময়ে ও যথাযথভঅবে সার্ভিসিং না হওয়ায় ফেরী মেরামত ব্যয় বৃদ্ধি পাচ্ছে ও সেবা বাধাগ্রস্থ হচ্ছে।

২। ওয়ার রোপ সরবরাহ সময়মত হচ্ছে না।

৩। অব্যবহৃত থাকাকালীন সময়ে ফেরী/পল্টুনসমূহের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত হচ্ছে না।

৪। ফেরীঘাট উঠানো নামানো, ড্রেজিং ও ফেরী পরিচালনার ব্যবস্থাপনায় ঘাটতি রয়েছে।

৫। ফেরী রেজিস্ট্রেশন, ফেরীর লাইসেন্স নবায়ন ও ফেরী সংক্রান্ত মামলা সমাধানে সঠিক কার্যক্রম গ্রহণ আবশ্যক।

উক্ত বিষয়সমূহ বিবেচনায় রেখে ফেরী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের বিষয়ে যথাযথ সিদ্ধান্ত গ্রহণের উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

ফেরী পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ এককভাবে সম্পাদনের সক্ষমতা যান্ত্রিক উইং এখনও অর্জন করতে পারেনি বলে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা মতামত ব্যক্ত করেন। যান্ত্রিক উইং এর জনবলের স্বল্পতা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় বিবেচনায় এবং ফেরী বিভাগসমূহের অধিক্ষেত্র বৃহৎ হওয়ায় ফেরী পরিচালনা যান্ত্রিক উইং এর অধীনে ন্যাস্ত হলে জরুরী পরিস্থিতি মোকাবেলাসহ বিভিন্ন বিষয়ে অব্যবস্থাপনা দেখা দিতে পারে। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, ঢাকাও একমত পোষন করেন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ফেরী সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ফেরী ব্যবস্থাপনায় সিভিল ও যান্ত্রিক এর মধ্যে দ্বৈততা পরিহারের পক্ষে মতামত প্রদান করেন।

ফেরী রক্ষণাবেক্ষণ, সার্ভিসিং, ওয়াররোপ সরবরাহ ইত্যাদি বিষয় প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা অথবা মন্ত্রণালয়ের পরিপত্রের মাধ্যমে নিষ্পত্তি করা যেতে পারে, তবে ফেরী স্থাপন, ফেরী রেজিস্ট্রেশন ও নবায়ন এবং উদ্ভূত মামলাসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ সমন্বয় করে খসড়া নীতিমালা সংশোধন করা যেতে পারে মর্মে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল সভায় মতামত ব্যক্ত করেন। এছাড়া যান্ত্রিক উইং এর মাধ্যমে ফেরী পরিচালনা যৌক্তিকতা নেই এবং ফেরী পরিচালনার কাজ সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীনেই হওয়া উচিত বলেও তিনি মত দেন।

<u>উপরোক্ত বিষয়সমূহ বিশদ আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়</u> ঃ

১। সমগ্রিক ব্যবস্থাপনার উন্নয়ন ও ফেরী সার্ভিস পরিচালনায় গতিশীলতা নিশ্চিত করতে ফেরী পরিচালনা সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীনেই রাখার বিষয়টি পরিপত্র জারির মাধ্যমে নিশ্চিত করা হবে।

২। ওয়ার রোপ সরবরাহ, ব্যাটারী সরবারহ, ব্যবহারের বাহিরে থাকা ফেরী/পল্টুন দেখাশুনা, নদী ড্রেজিং ইত্যাদি কাজ প্রশাসনিক আদেশে সওজ এর যান্ত্রিক উইং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা হবে।

৩। ফেরী ইজারা প্রদান, পরিচালনা, গ্যাংওয়ে ও এপ্রোচ সড়ক ব্যবস্থাপনার কাজ এবং প্রয়োজনীয় বিদ্যমান জনবল সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীনে থাকবে।

৪। ইজারা চুক্তির আওতায় নির্দিষ্ট সময় অন্তর যথাযথ মানে ফেরী সার্ভিসিং নিশ্চিতকল্পে ইজারা চুক্তিতে কোন অস্পষ্টতা থাকলে তা সুস্পষ্ট অনুচ্ছেদ আকারে অন্তর্ভূক্ত করা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ফেরী সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ফেরী এবং অন্যান্য মেরামত কাজ যথাযথভাবে সম্পাদিত [illegible] নিয়মিত মনিটরিং করবেন।

[illegible] পাতা/০৩

৫। ফেরী সার্ভিসিং ইজারাদারের নিকট হতে যান্ত্রিক উইং দ্বারা সম্পাদন করা হলে কি পরিমান অর্থ ব্যয় হবে তার প্রস্তাবনা যান্ত্রিক উইং কর্তৃক প্রধান প্রকৌশলী বরাবর দাখিল করতে হবে। পরবর্তীতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অর্থ মন্ত্রণালয় এর সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং এরূপ কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সার্ভিসিং এর দায়িত্ব বিদ্যমান নিয়মানুযায়ী অব্যাহত থাকবে।

৬। খসড়া নীতিমালার প্রয়োজনীয় সংশোধন পূর্বক যথাযথ বিষয়সমূহ অন্তর্ভূক্ত করে নীতিমালার আদলে সংশোধিত খসড়া ফেরী নীতিমালা পূর্বে গঠিত কমিটি জরুরী ভিত্তিতে পূনঃ দাখিল করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১২/১৭

(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ১৫৫৬/১(১)-২
তারিখঃ ২০/১২/২০১৭.

অনুলিপি জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০/১২/১৭

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ১৫৫৬/২ (২০)-২
তারিখঃ ২০/১২/২০১৭.

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে পেশ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ........................
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ........................
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, ........................
৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ........................
৫। জনাব ........................

২০/১২/১৭

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

Registration (Ferry)

BIWTA